ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১১৪৪

খোয়াই, ১১ জুন, ২০২৫

## খোয়াইয়ে ত্রিস্তরীয় পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিদের সঙ্গে ষষ্ঠ রাজ্য অর্থকমিশনের প্রতিনিধিদলের বৈঠক

আজ খোয়াই জেলা প্রশাসনের কনফারেন্স হলে ত্রিস্তরীয় পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিদের সঙ্গে ষষ্ঠ রাজ্য অর্থকমিশনের প্রতিনিধিদলের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত), সহকারী সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সৌমেন গোপ, তেলিয়ামুড়া বি.এ.সি.-র চেয়ারম্যান ভানলাল রাঙ্খল, কল্যাণপুর বি.এ.সি.-র চেয়ারম্যান ইন্দ্রানী দেববর্মা, খোয়াই পুরপরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা, তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, বিভিন্ন পঞ্চায়েতের প্রধানগণ, ষষ্ঠ রাজ্য অর্থ কমিশনের চেয়ারম্যান তথা গ্রামোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং, নগরোন্নয়ন দপ্তরের অধিকর্তা বিবেক এইচ. বি., পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে, ষষ্ঠ রাজ্য অর্থ কমিশনের সদস্য পল্লব কান্তি ঘোষাল, অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব আকিঞ্চন সরকার, খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ, অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ উপস্থিত ছিলেন।

বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) বলেন, সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজের সুফল মানুষের কাছে পৌঁছে দিতে ত্রিস্তর পঞ্চায়েত নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি সুষ্ঠুভাবে পরিষেবা সবার কাছে পৌঁছে দিতে ব্লকের পরিকাঠামো উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন।

*****